

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মুসক অনুবিভাগ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/৭৮৩-মুসক/২০১৭।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের এস.আর.ও নং- ১২১-আইন/২০১৫/৭২৭-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

ক্রমিক নং	খুচরা মূল্যস্তর (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১।	২৭ (সাতাশ) টাকা	১০	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরী	স্ট্যাম্প
২।	৩৫ (পয়ত্রিশ) টাকা	১০	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল
		১০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
৩।	৪৫ (পয়তাল্লিশ) টাকা ও তদুর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
৪।	৭০ (সত্তর) টাকা ও তদুর্ধ্ব	১০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

(২) অনুচ্ছেদ ২ এ উল্লিখিত “৩০ জুন, ২০১৭ খ্রি:” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা পরিবর্তে “৩০ জুন, ২০১৮ খ্রি:” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

(৩) সরকার কর্তৃক এ বিষয়ে পরবর্তী কোন প্রজ্ঞাপন জারি না করা পর্যন্ত এই প্রজ্ঞাপনটি বহাল থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান